# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

### ক-বিভাগ : ব্যাংকিং

**১.** ▶ আর্থিকভাবে শক্তিশালী বাণিজ্যিক ব্যাংক 'মিডল্যান্ড ব্যাংক লি.' অপেক্ষাকৃত দুর্বল দুটি বাণিজ্যিক ব্যাংক 'মিনতি ব্যাংক লি'. এবং 'বিনতি ব্যাংক লি.' এর অধিকাংশ শেয়ার ক্রয়ের মাধ্যমে তাদের নিয়ন্ত্রণ গ্রহণের প্রস্তাব দিল। কিন্তু 'মিনতি ব্যাংক লি.' এবং 'বিনতি ব্যাংক লি.' সে প্রস্তাব প্রত্যাখ্যান করল। ব্যাংক দুটি যৌথভাবে সহযোগিতার ভিত্তিতে একই ব্যবস্থাপনার অধীনে নিজেদের ব্যাংকিং কার্যক্রম পরিচালনা এবং নিয়ন্ত্রণ করা শুরু করল।

ক. গারনিশি অর্ডার কী? ১

খ. 'ব্যাংক বিনিময়ের মাধ্যম সৃষ্টি করে' —ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মিডল্যান্ড ব্যাংক, সাংগঠনিক কাঠামোভিত্তিক কোন ধরনের ব্যাংক গঠনের প্রস্তাব দিয়েছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে মিনতি ব্যাংক ও বিনতি ব্যাংক কর্তৃক মিডল্যান্ড ব্যাংকের প্রস্তাব প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**২.** ▶ বাংলাদেশ ব্যাংক বেশ কিছুদিন ধরেই লক্ষ্য করছে দেশের জনগণ লাভজনক বিভিন্ন খাতে বিনিয়োগের পরিবর্তে ব্যাংকে অর্থ জমা রাখাকেই বেশি প্রাধান্য দিচ্ছে। এর ফলে ব্যাংকগুলোতে অলস অর্থের পরিমাণ দ্রুত বাড়তে থাকে। এ প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক বাজারে বিভিন্ন ধরনের সরকারি বন্ড, সিকিউরিটিজ, বিল ইত্যাদি বিক্রয় করে। এতে ব্যাপক সাড়া পাওয়া যায়। এর পাশাপাশি কেন্দ্রীয় ব্যাংক সম্প্রতি ঘটে যাওয়া ঘূর্ণিঝড় উপদ্রুপ এলাকার সকল ব্যাংকের শাখাকে ৪০% কৃষিখাতে ঋণ দেওয়ার জন্য নির্দেশনা জারি করে।

ক. নিকাশঘর কী? ১

খ. 'কেন্দ্রীয় ব্যাংক ঋণদানের শেষ আশ্রয়স্থল' —ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের ১ম গৃহীত পদক্ষেপ ঋন নিয়ন্ত্রণের কোন সংখ্যাত্মক পদ্ধতির সাথে সম্পর্কিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. কৃষকদের ঋণ প্রাপ্তিতে কেন্দ্রীয় ব্যাংক যে নীতি ব্যবহার করছে তার যথার্থতা মূল্যায়ন করো। ৪

**৩.** ▶ জনাব খান 'কনিকা লি.'-এর ব্যবস্থাপক। তিনি তার ব্যবসা সম্প্রসারণের জন্য 'পদ্মা রাইজ লি.'-এর কাছে ৪০ লক্ষ টাকা ঋণ চাইলে ব্যাংক তা মঞ্জুর করে এবং কনিকা লি.'-কে ঋণের অর্থ জমার জন্য একটি হিসাব খুলতে বলে। অন্যদিকে, শীতলক্ষা ব্যাংক

https://teachingbd24.com

দেশের গার্মেন্টস খাতে অধিক ঋণ দেয়। কিন্তু খাতটি নানান কারণে খারাপ করায় অনেক ঋণ খেলাপী তালিকাভুক্ত হয়ে পড়ে। ফলে মুনাফা থেকে প্রভিশন রাখতে যেয়ে ব্যাংকটির প্রকৃত দায় সম্পদ অপেক্ষা বেশি হয়ে যায়। এতে কেন্দ্রীয় ব্যাংক ব্যাংকটির পরিচালকদের আমানত খাতে সংগৃহীত অর্থ নয় বরং নিজস্ব মূলধন বৃদ্ধির জন্য চাপ দিচ্ছে।

ক. বাণিজ্যিক ব্যাংকের তহবিলের মূল উৎস কোনটি? ১

খ. গ্রাহককে জানতে বিশেষ বৈশিষ্ট্যমণ্ডিত ফরম কোনটি? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে 'পদ্মা ব্যাংক লি.' কর্তৃক ঋণের টাকা নগদে না প্রদান করার কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে ব্যাংকটির যে নীতির ব্যত্যয় ঘটেছে বলে কেন্দ্রীয় ব্যাংক মনে করছে তা ফলাফল বিশ্লেষণ করো। ৪

৪.▶ রাজশাহীর রাসেদ ব্যবসায়ের প্রয়োজনে ঢাকার চকবাজারের কাশেমকে ১ কোটি ৩০ লক্ষ টাকার একটি চেক প্রদান করে। কাশেম সেটি নগদে উত্তোলন করতে চাইলে ব্যাংক তার নামে একটি হিসাব খুলতে বলে। পরবর্তীতে কাশেম হিসাব খুলে ১ জানুয়ারি ইস্যুকৃত চেকটি ৮ জুলাই তারিখে ব্যাংকে জমা দেন এবং টাকা উত্তোলন করতে চাইলে ব্যাংক টাকা দিতে অস্বীকৃতি জানালো।

ক. বাসি চেক কাকে বলে? ১

খ. কোন হস্তান্তরযোগ্য ঋণের দলিলের আদিষ্ট ব্যাংক? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত চেকটি কোন ধরনের চেক? বর্ণনা করো। ৩

ঘ. উদ্দীপকে ব্যাংক কর্তৃক চেকের টাকা প্রদানে অস্বীকৃতি জানানো কতটুকু যুক্তিসঙ্গত? বিশ্লেষণ করো। ৪

৫.▶ জনাব হাসান গত এগারো বছর যাবত জনতা ব্যাংকে একটি ডিপিএস হিসাব পরিচালনা করছিলেন যার মেয়াদ পূর্তিতে তিনি ১৫ লক্ষ টাকা পান। এ প্রাপ্ত অর্থ হতে ৩৫ হাজার টাকা তিনি নতুন একটি ব্যাংক হিসাবে জমা রাখেন। যেখানে দৈনিক যতবার খুশি টাকা জমা রাখা গেলেও কিছু বাধ্যবাধকতার ভিতরে থেকে টাকা উত্তোলন করতে হয়। অবশিষ্ট টাকা তিনি অধিক লাভের আশায় কিনে খরচের একটি ব্যাংক হিসাবে দীর্ঘ সময়ের জন্য জমা রাখেন।

ক. ব্যাংক হিসাব কী? ১

খ. কোন হিসাবে ব্যাংক কোনো সুদ বা লাভ দেয় না? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে ডিপিএস থেকে প্রাপ্ত অর্থের ৩৫ হাজার টাকা কোন ধরনের ব্যাংক হিসাব জমা করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত অবশিষ্ট অর্থ দীর্ঘমেয়াদের জন্য অন্য একটি ব্যাংক হিসাবে জমা রাখার সিদ্ধান্তের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

৬.▶ মি. 'X' ১২,০০০ টাকার মাল বিক্রয় করেছেন। ক্রেতা জনাব 'Y' ১ মাস পর টাকা দিতে চান। মি. 'X' বললেন আপনি স্ট্যাম্পযুক্ত একটা কাগজে এক মাস পর আমাকে টাকা ফেরত দিবেন এটা লিখে দিন। অন্যদিকে মি. X জনাব Z' এর কাছ থেকে

Teachingbd24.com

২০,০০০ টাকার মাল কিনেছেন। একমাস পর টাকা দিতে চাইলে জনাব Z বললেন, আমি স্ট্যাম্পযুক্ত সাদা কাগজে একটা দলিল তৈরি করে দেই, আপনি তার 'স্বীকৃত' লিখে স্বাক্ষর করবেন। মি X স্বাক্ষর কেন করতে হবে এ নিয়ে ভাবছেন।

ক. সরকারি নোট কী? ১

খ. বড় অঙ্কের লেনদেনে প্রাপকের জন্য চেক অপেক্ষা পে-অর্ডার উত্তম কেন? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. Y প্রদত্ত দলিলটি কোন ধরনের হস্তান্তরযোগ্য দলিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জনাব Z কর্তৃক লিখিত দলিলে মি. X এর স্বাক্ষরের আবশ্যকতা বিশ্লেষণ করো। ৪

৭.▶ জনাব হাকিম সাহেব তার ব্যবসায়িক প্রয়োজনে মি. আরেফিনের নিকট হতে ব্যাংকের একটি ঋণের দলিলের মাধ্যমে কিছু টাকা ধার করেন। এক্ষেত্রে জনাব হাকিমের পক্ষ থেকে ব্যাংক মি. আরেফিনকে তার প্রদত্ত ঋণের অর্থ ফেরত পাবার নিশ্চয়তা দেয় এবং পরবর্তীতে জনাব হাকিম হঠাৎ করে জাপান চলে যান এবং দীর্ঘদিন পরে বাংলাদেশে ফিরে আসে। তবে এ ব্যাপারে মি. আরেফিন বিন্দুমাত্র বিচলিত হননি।

ক. ভাসমান মুদ্রা কী? ১

খ. প্রত্যয়পত্র ছাড়া কি বৈদেশিক বাণিজ্য সম্ভব? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে কোন ঋণ দলিলের মাধ্যমে জনাব হাকিম অর্থ ধার করেছিলেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. আরেফিন তার প্রদত্ত ঋণের অর্থ প্রাপ্তিতে কেন বিচলিত হননি? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

## খ-বিভাগ : বিমা

৮.▶ মি. শামসুল তার বাবার সাথে একই বাড়িতে থাকেন। বাড়িটি শামসুলের বাবার নামে। ভূমিকম্প হলে বাড়িটি ক্ষতিগ্রস্ত হতে পারে এই কথা চিন্তা করে মি. শামসুল বাড়িটি বিমা করতে গেলে বিমা কোম্পানি বাড়িটি বিমা করতে অস্বীকৃতি জানায়। তখন মি. শামসুলের বাবা নিজেই বাড়িটি বিমা করেন। তারপর মি. শামসুলের বাবা বিমা দাবি করলে বিমা কোম্পানি বিমা দাবিপূরণে অস্বীকৃতি জানায়।

ক. বিমা কী? ১

খ. 'বিমা ঝুঁকি বণ্টনের ব্যবস্থা' —ব্যাখ্যা করো। ২

গ. কোন নীতির জন্য মি. শামসুলের প্রস্তাবে বিমা কোম্পানি সম্মত হয়নি? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকের আলোকে শামসুলের বাবা কি বিমা দাবি পাওয়ার যোগ্য? কারণ বিশ্লেষণ করো। ৪

৯.▶ জনাব পলক এবং জনাব কবির দুইজন সরকারি চাকরিজীবী। জনাব পলক দুই বছরের জন্য দেশের বাহিরে যান। তিনি তাঁর সন্তানদের ভবিষ্যতের কথা চিন্তা করে দুই বৎসরের জন্য একটি বিমাপত্র গ্রহণ করেন, যেখানে তিনি মারা গেলেই কেবল তাঁর

https://teachingbd24.com

সন্তানেরা বিমাদাবি পাবে। অপরদিকে জনাব কবির বার্ষিক ৫০,০০০ টাকা বিমা কিস্তিতে ১৫ বছরের জন্য সাত লক্ষ টাকার একটি বিমাপত্র গ্রহণ করেন। এ ধরনের বিমাপত্রে তিনি জীবিত থাকলেও নির্দিষ্ট সময় শেষে বিমাদাবি পাবেন।

ক. মৃত্যুহার পঞ্জি কাকে বলে? ১
খ. 'জীবন বিমা নিশ্চয়তার চুক্তি' —ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব পলকের গৃহীত বিমাত্রটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব পলক এবং জনাব কবিরের গৃহীত দুটি বিমাপত্রের মধ্যে কোনটি বেশি লাভজনক বলে তুমি মনে করো? উদ্দীপকের আলোকে বিশ্লেষণ করো। ৪

১০.▶ জনাব চৌধুরী 'জয় বাংলা' সহ আরো পাঁচটি জাহাজের মালিক। তিনি একই বিমাপত্রের অধীনে সবকটি জাহাজের ১-১-২০১৭ থেকে ৩১-১২-২০১৭ তারিখের মধ্যে সংঘটিত যে কোনো নৌ দুর্ঘটনার বিপক্ষে চিরন্তন ইন্স্যুরেন্স কোম্পানির নিকট থেকে একটি বিমাপত্র গ্রহণ করেন। বিমাকৃত জাহাজের বর্তমান অবস্থা, মান ও বাজার মূল্য বিবেচনায় এনে বিমা প্রিমিয়ামের পরিমাণ নির্ধারিত হয়। গত ১৮-১১-২০১৭ তারিখে 'আমার বাংলা' জাহাজটি ঘূর্ণিঝড়ে আক্রান্ত হয়ে ডুবে যায়। জনাব চৌধরী বিমা কোম্পানির নিকট দাবি পেশ করলে কোম্পানি চুক্তি অনুসারে ক্ষতিপূরণ করে। পরবর্তীতে বিমা প্রতিষ্ঠানটি ডুবন্ত জাহাজটি উদ্ধার করে এবং তা একটি কোম্পানির কাছে ২৫ লক্ষ টাকায় বিক্রয় করে। জনাব চৌধুরী উদ্ধারকৃত জাহাজটির বিক্রয়মূল্য দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি তার দাবি নাকচ করে দেয়।

ক. নৌ দায় বিমা কী? ১
খ. জেটিসনের ফলে কোন ধরনের সামুদ্রিক ক্ষতির উদ্ভব হয়? ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে উল্লিখিত জনাব চৌধুরী কোন ধরনের নৌ-বিমাপত্র গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকে বিমা কোম্পানি কর্তৃক জনাব চৌধুরীর ২য় দাবিটি প্রত্যাখ্যানের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

১১.▶ জনাব নিশান একটি আসবাবপত্রের দোকানের মালিক তার দোকানে রক্ষিত ৫ লক্ষ টাকার আসবাবপত্রের জন্য ২ লক্ষ টাকার একটি অগ্নিবিমাপত্র গ্রহণ করেন। সম্প্রতি আগুন লেগে উক্ত দোকানের ১ লক্ষ ৫০ হাজার টাকার সমমূল্যের আসবাবপত্র নষ্ট হয়। তিনি বিমা প্রতিষ্ঠানের কাছে সম্পূর্ণ ১ লক্ষ ৫০ হাজার টাকা ক্ষতিপূরণ দাবি করলে বিমা প্রতিষ্ঠানটি তার দাবি প্রত্যাখ্যান করে এবং গড়পড়তা হারে ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দেয়।

ক. ঘোষণাযুক্ত বিমাপত্র কী? ১
খ. 'অগ্নিবিমা ক্ষতিপূরণের চুক্তি'-ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে বর্ণিত জনাব নিশানের প্রাপ্তব্য প্রকৃত বিমা দাবির পরিমাণ নিরূপণ করো। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত বিমা কোম্পানি কর্তৃক গড়পড়তা হারে ক্ষতিপূরণ প্রদান কতটা যৌক্তিক? বিমার ধরন বিবেচনায় তোমার মতামত দাও। ৪

Teachingbd24.com

বিষয় ঃ ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা (বহুনির্বাচনি)

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |


সময় ঃ৩০ মিনিট

পূর্ণমান—৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. বাংলাদেশের বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থাকে সংক্ষেপে কী বলে?
ক IDRB খ IDRA
গ BERA ঘ IDRAB

উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।




২. চিত্রটি কোন তত্ত্বের?
ক ক্রয় ক্ষমতা সমতা খ স্বর্ণমান
গ চাহিদা ও যোগান ঘ মিন্ট প্যারিটি

৩. চিত্রে প্রদর্শিত তত্ত্বটি সম্পর্কে যুক্তি হলো—
i. এ তত্ত্ব অনুযায়ী টাকা হলো ভাসমান মুদ্রা
ii. ডলারের চাহিদা ও যোগানের উপর টাকার মূল্য নির্ধারণ হয়
iii. টাকার প্রকৃত অবস্থা জানা যায়
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i,ii ও iii

৪. মি. 'X' ভারত থেকে শিল্প পণ্য আমদানি করতে ইচ্ছুক কিন্তু রপ্তানিকারক পণ্যের মূল্য প্রাপ্তির নিশ্চয়তা চায়। রপ্তানিকারক কিসের মাধ্যমে পণ্যের মূল্য প্রাপ্তির নিশ্চয়তা পেতে পারে?
ক ভ্রমণকারীর চেক খ ভ্রাম্যমান নোট
গ ব্যাংকের আজ্ঞাপত্র ঘ প্রত্যয়পত্র

৫. কেন্দ্রীয় ব্যাংকের ঋণ নিয়ন্ত্রণের সাধারণ পদ্ধতি কোনটি—
i. ব্যাংক হার নীতি
ii. খোলাবাজার নীতি
iii. ঋণের বরাদ্দকরণ নীতি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৬. নিচের কোনটি বিশেষায়িত ব্যাংক?
ক সোনালী খ রূপালী
গ জনতা ঘ কৃষি

উদ্দীপকটি পড়ো এবং ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব অয়ন তার ব্যাংক হিসাব হতে ব্যাংকিং সময়ে যতবার প্রয়োজন ততবার অর্থ জমাদান ও উত্তোলন করার সুযোগ পান। অন্যদিকে জনাব সাজ্জাদ তার ব্যাংক হিসাবে ব্যাংকিং সময়ে যতবার প্রয়োজন ততবার অর্থ জমাদানের সুযোগ পান কিন্তু সপ্তাহে দু'বারের বেশি অর্থ উত্তোলন করতে পারেন না।

৭. উদ্দীপকের জনাব অয়নের হিসাবের ধরন কোনটি?
ক স্থায়ী খ চলতি
গ সঞ্চয়ী ঘ বিশেষ

৮. জনাব সাজ্জাদের ব্যাংক হিসাব হলো—
i. স্থায়ী ii. সঞ্চয়ী
iii. মুনাফাভিত্তিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i,ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও।

জনাব মাহফুজ ইউরোপে পোশাক রপ্তানি করেন। তার ব্যাংক হিসাবে ৪০ লক্ষ টাকা আছে। নতুন অর্ডার পাওয়ার পর অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে যথাযথ নিয়ম অনুসরণ করে তিনি ব্যাংক থেকে ৬০ লক্ষ টাকা উত্তোলন করেন।

৯. উদ্দীপকে জনাব মাহফুজের গৃহীত ঋণটি কোনটির সাথে সাদৃশ্যপূর্ণ?
ক জমাতিরিক্ত ঋণ খ ব্যবসায় ঋণ
গ বন্ধকী ঋণ ঘ নগদ ঋণ

১০. উদ্দীপকে বর্ণিত ঋণটি গ্রহণের ফলে বৃদ্ধি পাবে—
i. বিনিময় হার
ii. প্রতিষ্ঠানের সুনাম
iii. দেশের কর্মসংস্থান
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i,ii ও iii

১১. ৫ টাকার নোটে কার স্বাক্ষর থাকে ?
ক গভর্ণর খ অর্থ সচিব
গ অর্থমন্ত্রী ঘ প্রধানমন্ত্রী

১২. মুদ্রাস্ফীতির ফলে কী ঘটে?
ক কর্মসংস্থান বাড়ে
খ বিনিয়োগ বাড়ে
গ সুদের হার বাড়ে
ঘ পণ্যের দাম বাড়ে

১৩. ব্যাংকের অগ্রিম হলো—
i. নগদ ঋণ ii. সাধারণ ঋণ
iii. জমাতিরিক্ত ঋণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i,ii ও iii

১৪. বাংলাদেশে প্রথম মুঠোফোন (Mobile) ব্যাংকিং সুবিধা চালু করে কোন ব্যাংক?
ক ডাচ বাংলা ব্যাংক খ ব্র্যাক ব্যাংক
গ ওয়ান ব্যাংক ঘ সোনালী ব্যাংক

১৫. হোম ব্যাংকিং এ প্রয়োজন পড়ে—
i. কম্পিউটার টার্মিনাল
ii. গ্রাহকের PIN নম্বর
iii. ব্যাংকের সরবরাহকৃত সফটওয়্যার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i,ii ও iii

Teachingbd24.com

**উদ্দীপকটি পড়ো এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও।**

মিতালী ব্যাংক লি. তার হাতে অর্থ না রেখে সম্পূর্ণ অর্থ ঋণদান করে। ফলে ব্যাংকটি গ্রাহক সেবা দিতে এবং সময়মত পাওনাদারের অর্থ পরিশোধে ব্যর্থ হয়। এক সময় ব্যাংক ক্ষতির সম্মুখীন হতে থাকে।

**১৬. উদ্দীপকে ব্যাংকটি কোন নীতিটি লঙ্ঘন করেছে?**

ক) সেবা  খ) ঋণদান
গ) তারল্য  ঘ) সুনাম

**১৭. মিতালী ব্যাংককে মুনাফা অর্জন করতে হলে যে পদক্ষেপ গ্রহণ করা উচিত ছিল—**

i. সেবা নিশ্চিতকরণ
ii. সঠিকভাবে ঋণদান
iii. ঋণের সুদের হার বৃদ্ধি

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১৮. জনাব অভিষেক সোনালী ব্যাংকে তার হিসেবে ১০০০ টাকা জমা দিলেন। সোনালী ব্যাংকের বিধিবদ্ধ সঞ্চিতির হার ২০% হলে কত টাকার ঋণ আমানত সৃষ্টি হবে?**

ক) ৫,০০০  খ) ১০,০০০
গ) ১৫,০০০  ঘ) ২০,০০০

**১৯. হস্তান্তরিত ঋণের দলিল কোনটি নহে?**

ক) বিল অব এক্সচেঞ্জ  খ) প্রমিসরি নোট
গ) পে-অর্ডার  ঘ) চেক

**উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. আকাশ তাছফিয়াকে একটি চেক প্রদান করে। তাছফিয়া চেকটি ফাহিমকে প্রদান করে। ফাহিম চেকটি ব্যাংকে জমা দিলে ব্যাংকার চেকের অর্থ পরিশোধে অপারগতা প্রকাশ করে।

**২০. উদ্দীপকে আলোচিত চেকটি কোন ধরনের চেক ছিল?**

ক) দাগকাটা চেক  খ) বাহক চেক
গ) হুকুম চেক  ঘ) ভ্রমণকারীর চেক

**২১. কোন ধরনের চেক হলে ফাহিম ব্যাংক হতে অর্থ উত্তোলন করতে পারত?**

ক) দাগকাটা চেক
খ) বাহক চেক
গ) হুকুম চেক
ঘ) বিশেষভাবে দাগকাটা চেক

**২২. জনাব সজিব তার ৫ কোটি টাকার কারখানার জন্য ৪ কোটি টাকার অগ্নি বিমা করেন। অগ্নিকাণ্ডের ক্ষতির পরিমাণ দাড়ায় ১ কোটি ৭৫ লক্ষ টাকা। জনাব সজিব কত টাকা বিমা দাবি পাবেন?**

ক) ৫ কোটি  খ) ৪ কোটি
গ) ১ কোটি ৭৫ লক্ষ  ঘ) ১ কোটি ৪০ লক্ষ

**২৩. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর বিমা দাবি পরিশোধ করা হয় কোন বিমায়?**

ক) জীবন বিমা  খ) আজীবন বিমাপত্র
গ) সাময়িক বিমাপত্র  ঘ) গোষ্ঠী বিমা

**২৪. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?**

ক) অগ্নি বিমা  খ) জীবন বিমা
গ) নৌ বিমা  ঘ) শষ্য বিমা

**২৫. নৌ-বিমার অব্যক্ত শর্ত হলো-**

ক) সমুদ্র যাত্রার তারিখ
খ) রক্ষী বহর থাকা
গ) জাহাজের সমুদ্রে চলাচলযোগ্যতা
ঘ) বিমাকৃত সম্পদের বৈধতা

**উদ্দীপকটি পড়ো এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাও।**

মেমী একটি বিমাপত্রের অধীনে তার চারটি জাহাজ বিমা করেন। ফলে তার জাহাজের নিরাপত্তা সাধিত হয়।

**২৬. উদ্দীপকে মেমী কোন ধরনের বিমাচুক্তি সম্পাদন করেন?**

ক) উন্মুক্ত  খ) ভাসমান
গ) মিশ্র  ঘ) মূল্যায়িত

**২৭. পণ্য সামগ্রীর ক্ষতি হলে বিমা দাবি আদায়ের জন্য কোন দলিলটির গুরুত্ব অনেক?**

ক) চার্টার পার্টি
খ) জরিপকারীর প্রতিবেদন
গ) চালানি রশিদ
ঘ) প্রতিবাদপত্র

**২৮. সামাজিক জীবনে জীবন বিমার গুরুত্ব হচ্ছে—**

i. মৃত্যু পরবর্তী আর্থিক নিরাপত্তা
ii. কর্মসংস্থান
iii. ঝুঁকি হ্রাস

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**

"বাংলার দূত" নামক জাহাজটি যুক্তরাষ্ট্রে যাওয়ার পথে হঠাৎ ডুবে যাওয়ার উপক্রম হলে জাহাজের ক্যাপ্টেন কিছু পণ্য ফেলে দিয়ে জাহাজকে হাল্কা করে গন্তব্যে পৌছালেন।

**২৯. উদ্দীপকে ক্যাপ্টেন কর্তৃক জাহাজ ঝুঁকিমুক্তকরণের কাজকে নৌ বিমার ভাষায় কী বলে?**

ক) ত্যাগ স্বীকার  খ) গচ্ছা
গ) পণ্য নিক্ষেপণ  ঘ) চার্টার পার্টি

**৩০. একটি চেকের প্রধান পক্ষ কয়টি?**

ক) ২ টি  খ) ৩ টি
গ) ৪ টি  ঘ) ৫ টি

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | ঘ | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ঘ |
| ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | খ |

Teachingbd24.com